**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

## ডিসেম্বর, ২০২৩ মাসের জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

**সভাপতি : মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী**
**জেলা ম্যাজিস্ট্রেট**
**নড়াইল**

তারিখ : ১১ ডিসেম্বর ২০২৩, সকাল ১০:০০ ঘটিকা

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নড়াইল

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য)

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট গত ১২ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় জেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

**নড়াইল জেলার নভেম্বর, ২০২৩ মাসের তুলনামূলক অপরাধ পরিসংখ্যান নিম্নরূপ**

| মাসের নাম | থানার নাম | ডাকাতি | | | দস্যুতা | খুন | আইন- শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার আইন/২০০২) | দাঙ্গা | নারী নির্যাতন | | | শিশু নির্যাতন | অপহরণ | পুলিশ আক্রান্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ডাকাতি | খুনসহ ডাকাতি | মোট | | | | | ধর্ষণ | নারী অপহরণ | অন্যান্য | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **নভেম্বর ২০২৩** | নড়াইল সদর | - | - | - | ১ | ১ | - | - | ১ | - | - | - | - | - |
| **অক্টোবর ২০২৩** | | - | - | - | - | - | - | - | - | ২ | - | - | - | - |
| **নভেম্বর ২০২৩** | লোহাগড়া | - | - | - | - | - | - | - | ৩ | ২ | ৪ | - | - | - |
| **অক্টোবর ২০২৩** | | - | - | - | - | - | - | - | ১ | ১ | ২ | - | - | - |
| **নভেম্বর ২০২৩** | কালিয়া | - | - | - | - | - | - | - | ১ | ১ | - | - | - | - |
| **অক্টোবর ২০২৩** | | - | - | - | - | - | - | - | - | ২ | ২ | - | - | - |
| **নভেম্বর ২০২৩** | নড়াগাতী | - | - | - | - | - | - | - | - | - | ১ | - | - | - |
| **অক্টোবর ২০২৩** | | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| **নভেম্বর ২০২৩** | **সর্বমোট** | - | - | - | ১ | ১ | - | - | ৫ | ৩ | ৫ | - | - | - |
| **অক্টোবর ২০২৩** | **সর্বমোট** | - | - | - | - | - | - | - | ১ | ৫ | ৪ | - | - | - |

| মাসের নাম | চুরি | | | আইসিটি এ্যাক্ট ২০০৬ সংক্রান্ত মামলা | পর্ণোগ্রাফি এ্যাক্ট সংক্রান্ত মামলা | মানব পাচার সংক্রান্ত মামলা | জঙ্গি সংক্রান্ত মামলা | কিশোর গ্যাং অপরাধ সংক্রান্ত মামলা | সড়ক দুর্ঘটনা সংক্রান্ত মামলা | অস্ত্র আইন সংক্রান্ত মামলা | মাদক দ্রব্য সংক্রান্ত মামলা | অন্যান্য | রুজুকৃত সর্বমোট মামলা | অপ-মৃত্যু মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | গাড়ী চুরি | সিধেল চুরি | অন্যান্য চুরি | | | | | | | | | | | |
| | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ |
| **নভেম্বর ২০২৩** | - | - | ৩ | - | - | ১ | - | - | ১ | - | ৪ | ৯ | ২১ | ৩ |
| **অক্টোবর ২০২৩** | - | - | ২ | - | ১ | - | - | - | - | - | ২ | ২৩ | ৩০ | ৪ |
| **নভেম্বর ২০২৩** | - | - | ২ | - | - | ১ | - | - | - | - | ৫ | ১৯ | ৩৬ | ৪ |
| **অক্টোবর ২০২৩** | ১ | - | ২ | - | - | - | - | - | - | - | ৮ | ১২ | ২৭ | ৩ |
| **নভেম্বর ২০২৩** | - | - | ২ | - | - | - | - | - | - | - | ৫ | ৪ | ১৩ | ১ |
| **অক্টোবর ২০২৩** | - | - | - | - | - | - | - | - | - | - | ৬ | ৪ | ১৪ | ৪ |
| **নভেম্বর ২০২৩** | - | ১ | - | - | - | - | - | - | - | - | ১ | ২ | ৫ | ২ |
| **অক্টোবর ২০২৩** | - | - | - | - | - | - | - | - | - | - | - | ১ | ১ | ১ |
| **সর্বমোট নভেম্বর ২০২৩** | - | ১ | ৭ | - | - | ২ | - | - | ১ | - | ১৫ | ৩৪ | ৭৫ | ১০ |
| **সর্বমোট অক্টোবর ২০২৩** | ১ | - | ৪ | - | ১ | - | - | - | - | - | ১৬ | ৪০ | ৭২ | ১২ |

| **ক্রমিক** | **বিষয়** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
|---|---|---|---|---|
| ১ | অপরাধ সংক্রান্ত | উপর্যুক্ত ছকে উল্লিখিত পুলিশ প্রতিবেদন মোতাবেক নড়াইল জেলায় নভেম্বর, ২০২৩ মাসে ৭৫টি নিয়মিত মামলা রুজু হয়েছে; যা গত অক্টোবর, ২০২৩ মাসে ছিল ৭২টি। ডাকাতি, আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ, দাঙ্গা, শিশু নির্যাতন, অপহরণ, পুলিশ আক্রান্ত, আইসিটি এ্যাক্ট, পর্ণোগ্রাফি এ্যাক্ট সংক্রান্ত মামলা, জঙ্গি সংক্রান্ত মামলা, কিশোর গ্যাং এবং অস্ত্র আইন সংক্রান্ত কোন অপরাধ সংঘটিত হয়নি। পুলিশ সুপার, নড়াইল সভায় জানান যে, বর্তমানে জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও নিয়ন্ত্রণে রয়েছে। | সংঘটিত অপরাধসমূহের তদন্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করে আদালতে প্রতিবেদন প্রেরণ করতে হবে। জেলার অপরাধ দমন/ প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও তৎপর হতে হবে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখতে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে। | পুলিশ সুপার নড়াইল ও জেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবর্গ |
| ২ | সার্বিক আইন-শৃঙ্খলা সংক্রান্ত | পুলিশ সুপার, নড়াইল সভায় জানান যে, নভেম্বর, ২০২৩ মাসে এ জেলায় ০১(এক)টি হত্যাকান্ড সংঘটিত হয়েছে। এছাড়া নড়াইল শহরের বাড়ি থেকে যুবককে তুলে দূরবর্তী স্থানে নিয়ে পায়ের রগ কাটা সংক্রান্তে মামলা হয়েছে। সকল মামলার আসামীদের গ্রেপ্তারের কার্যক্রম অব্যাহত আছে। গত মাসের তুলনায় বিবেচ্য মাসে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অনেকটা ভালো ছিল। হত্যাকান্ডসহ সকল অপরাধসমূহের তদন্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করে আদালতে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। নড়াইল জেলার চেম্বার অব কর্মাস এর সভাপতি জনাব মোঃ হাসানুজ্জামান এর বাড়িতে সংঘটিত ডাকাতির ঘটনায় অস্ত্রসহ সকল মালামাল উদ্ধারের ব্যবস্থা গ্রহণ ও আসামীদের গ্রেপ্তারপূর্বক শাস্তির আওতায় আনয়নের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। তিনি জনসাধারণকে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আহ্বান জানান। জেলার কোথাও মাদকের বিষয়ে কোন তথ্য পেলে তাৎক্ষণিক সমন্বিত অভিযান পরিচালনাসহ মোবাইল কোর্টকে পুলিশ বিভাগ অব্যাহত সহযোগিতা প্রদান করে আসছে। ইভটিজিং ও মাদক প্রতিরোধে সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে। জেলার অপরাধ দমন/প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও তৎপর করা হচ্ছে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখতে সকল থানার অফিসার ইনচার্জসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছে। জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। | এ জেলার হত্যা মামলা ও রগ কাটা সংক্রান্ত মামলাসহ গুরুতর মামলায় জড়িত সকল আসামীদের গ্রেপ্তারসহ কোথাও কোন হত্যাকান্ড যেন না ঘটে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ করা হয়। এছাড়া হত্যাকান্ডসহ সকল অপরাধসমূহের তদন্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করে আদালতে প্রতিবেদন প্রেরণসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখতে সার্বিক মনিটরিং অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ সুপার, নড়াইল |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৩ | মাদক সংক্রান্ত | নভেম্বর/২০২৩ মাসে নড়াইল জেলার সদর, লোহাগড়া এবং কালিয়া উপজেলাধীন নড়াগাতীসহ বিভিন্ন এলাকায় মাদক ব্যবসায়ী/ মাদক সেবনকারীর তথ্য সংগ্রহ করে তাদের আইনের আওতায় আনয়নের লক্ষ্যে মোট ৮৯টি মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ১৩টি মামলার মধ্যে নিয়মিত মামলা ০২টি ও মোবাইল কোর্ট মামলা করা হয়েছে ১১টি। গাঁজা উদ্ধার করা হয়েছে ২ কেজি ২৩০ গ্রাম, ইয়াবা ১১৬পিস এবং ডিনেচার্ড স্পিরিট ২০ লিটার। মোট আসামী ১৪জন গ্রেপ্তার এবং ১১জনকে মোবাইল কোর্টর মাধ্যমে বিভিন্ন মেয়াদে কারাদন্ডসহ ২৫,২৫০/- টাকা অর্থদন্ড প্রদান করা হয়েছে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ০৬টি মাদকবিরোধী গণসচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে এবং ছাত্র-ছাত্রীদের মাঝে মাদকের ক্ষতিকর দিক সম্বলিত লিফলেট ১৪৬৫টি এবং খাতা ৫৮০টি বিতরণ করা হয়েছে। জেলার মাদক প্রতিরোধে মাদক ব্যবসায়ী/মাদক সেবনকারীর তথ্য সংগ্রহ করে তাদের আইনের আওতায় এনে নড়াইল জেলাকে মাদকমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রতিনিয়ত মাদকবিরোধী অভিযান অব্যাহত আছে। স্কুল/কলেজের শিক্ষার্থী ও যুব সমাজকে মাদক থেকে রক্ষার জন্য পুলিশ টহল অব্যাহত রাখার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | এ জেলার মাদক প্রতিরোধে মাদক ব্যবসায়ী/ মাদক সেবনকারীর তথ্য সংগ্রহ করে তাদের আইনের আওতায় এনে নড়াইল জেলাকে মাদকমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্কুল/কলেজের শিক্ষার্থী ও যুব সমাজকে মাদক থেকে রক্ষার লক্ষ্যে পুলিশ টহল অব্যাহত রাখার জন্য পুলিশ সুপার, নড়াইল/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নড়াইলকে অনুরোধ করা হয়। মাদক ও গুরুতর অপরাধের মামলায় আসামীরা যেন জামিন/ খালাস না পায় সে বিষয়ে রাষ্ট্রপক্ষে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর (পিপি) ও কোর্ট ইন্সপেক্টর, নড়াইলকে অনুরোধ করা হয়। | পুলিশ সুপার, নড়াইল/ সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নড়াইল/ বিজ্ঞ পিপি/ কোর্ট ইন্সপেক্টর নড়াইল |
| ৪ | শিক্ষা সংক্রান্ত | জেলা শিক্ষা অফিসার, নড়াইল সভায় জানান যে, নড়াইল জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের দ্বারা পড়ালেখার পরিবেশ যেন বিঘ্নিত না হয় সেদিকে লক্ষ্য রাখা ও নৈতিক অবক্ষয় রোধে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদান, কুইজ প্রতিযোগিতা ও সৃজনশীল পদ্ধতিতে শিক্ষার্থীদের জ্ঞান সঞ্চয়ের জন্য বই পড়ার আগ্রহ সৃষ্টি করা এবং যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ভোট কেন্দ্র রয়েছে সেগুলো ভোট গ্রহণ উপযোগী রাখার ব্যবস্থা গ্রহণ এবং সকল মাদ্রাসায় যেন জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীতের মাধ্যমে নিয়মিত সমাবেশ অনুষ্ঠিত হয় সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও তদারকির জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | নড়াইল জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীদের দ্বারা পড়ালেখার পরিবেশ যেন বিঘ্নিত না হয় সেদিকে লক্ষ্য রাখা ও নৈতিক অবক্ষয় রোধে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদান, কুইজ প্রতিযোগিতা ও সৃজনশীল পদ্ধতিতে শিক্ষার্থীদের জ্ঞান সঞ্চয়ের জন্য বই পড়ার আগ্রহ সৃষ্টি করাসহ যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ভোট কেন্দ্র রয়েছে সেগুলো ভোট গ্রহণ উপযোগী রাখার ব্যবস্থা গ্রহণ এবং সকল মাদ্রাসায় যেন জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীতের মাধ্যমে নিয়মিত সমাবেশ অনুষ্ঠিত হয় সে বিষয়ে সংশ্লিষ্ট প্রধান শিক্ষকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও তদারকির জন্য জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইলকে অনুরোধ করা হয়। | জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৫ | পাসপোর্ট অফিস সংক্রান্ত | উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল সভায় জানান যে, পাসপোর্ট অফিসের নবনির্মিত নিজস্ব ভবনে পাসপোর্ট সেবা কার্যক্রম অব্যাহত আছে। পাসপোর্ট অফিসের দৃশ্যমান স্থানে পাসপোর্ট আবেদনকারীদের স্বার্থে সিটিজেন চার্টারসহ ব্যানার, ফেস্টুন ইত্যাদি টানানো হয়েছে। বর্তমানে কোন সমস্যা নেই। | অফিসে আগত সেবা গ্রহীতাদের পাসপোর্ট সেবা কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপসহকারী পরিচালক আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল |
| ৬ | স্বাস্থ্য সংক্রান্ত | ১। মেয়র, নড়াইল পৌরসভা এর প্রতিনিধি সভায় জানান যে, নড়াইল পৌর এলাকার ড্রেন পরিস্কার এবং এডিস মশাসহ সকল প্রকার মশা নিধন অত্র পৌরসভার চলমান প্রক্রিয়া এ কাজ সারা বছরই সময়ে সময়ে করা হয়ে থাকে। এডিস মশার লার্ভা ধ্বংসের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া পৌরসভার অধিবাসীগণকে স্যানিটেশন সুবিধাসহ সকল নাগরিক সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।<br><br>২। সিভিল সার্জন, নড়াইল সভায় জানান যে, প্রত্যেক স্বাস্থ্য সহকারী বাড়ি বাড়ি রুটিন ইপিআই এর দাওয়াত কার্যক্রমের পাশাপাশি ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। তিনি আরও জানান- আগামী ১২/১২/২০২৩ খ্রি. তারিখ জাতীয় ভিটামিন "এ" ক্যাম্পেইন সকাল ০৮.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত চলবে। এ ক্যাম্পেইনে ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের ভিটামিন "এ" ক্যাপসুল খাওয়ানো হবে। উল্লিখিত বয়সের সকল শিশুদের ভিটামিন "এ" ক্যাপসুল খাওয়ানোর বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া নড়াইল জেলার সদর হাসপাতালসহ সকল হাসপাতালে রোগীদের কেবিন/বেড খালি থাকা সাপেক্ষে কেবিন/বেড প্রদানসহ সঠিকভাবে স্বাস্থ্যসেবা প্রদানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ১। নড়াইল পৌর এলাকার ড্রেনগুলো পরিষ্কার করাসহ এডিস মশার লার্ভা ও মশা নিধনের জন্য অধিক হারে ঔষুধ স্প্রে করা এবং পৌরসভার অধিবাসীগণকে স্যানিটেশন সুবিধাসহ সকল নাগরিক সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, নড়াইল পৌরসভাকে অনুরোধ করা হয়।<br><br>২। নড়াইল জেলায় ডেঙ্গু প্রতিরোধে গ্রামে গ্রামে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখাসহ ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের ভিটামিন "এ" ক্যাপসুল খাওয়ানো কর্মসূচি সফলভাবে সম্পন্ন করার জন্য সিভিল সার্জন, নড়াইলকে অনুরোধ করা হয়। নড়াইল জেলার সদর হাসপাতালসহ সকল হাসপাতালে রোগীদের কেবিন/বেড খালি থাকা সাপেক্ষে কেবিন/বেড প্রদানসহ সঠিকভাবে স্বাস্থ্যসেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিভিল সার্জন, নড়াইল/তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, নড়াইলকে অনুরোধ করা হয় । | মেয়র নড়াইল পৌরসভা<br><br>সিভিল সার্জন, নড়াইল/ তত্ত্বাবধায়ক সদর হাসপাতাল, নড়াইল |
| ৭ | বিবিধ আলোচনা | ১। নড়াইল জেলার সকল বাজারে ব্যবসায়ীরা যেন অধিক মুনাফা লাভের জন্য পিয়াজসহ অন্যান্য দ্রব্যের মূল্য নিয়ে বাজার অস্থিতিশীল করতে না পারে সে বিষয়ে জরুরী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া আসন্ন বোরো মৌসুমে সার নিয়ে যেন কোন সমস্যা সৃষ্টি না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের সজাগ দৃষ্টি রাখার জন্য সভায় অভিমত প্রকাশ করা হয়। | ১। নড়াইল জেলার ব্যবসায়ীরা যেন অধিক মুনাফা লাভের জন্য পিয়াজসহ অন্যান্য দ্রব্যের মূল্য নিয়ে বাজার অস্থিতিশীল করতে না পারে সে বিষয়ে মোবাইল কোর্টসহ সকল আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া আসন্ন বোরো মৌসুমে সার নিয়ে যেন কোন সমস্যা সৃষ্টি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি, চেম্বার অব কমার্স, নড়াইলকে অনুরোধ করা হয়। | ১।অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল<br><br>২।সভাপতি, চেম্বার অব কমার্স, নড়াইল |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৭ | বিবিধ আলোচনা | ২। নড়াইল জেলার জমি ক্রয়-বিক্রয়ের বিষয়ে দলিল নিবন্ধন সংক্রান্তে সকল সাব রেজিস্ট্রি অফিসের দলিল লেখকদের সিন্ডিকেটের নৈরাজ্যের কারণে জনসাধারণ নানা ধরণের সমস্যার সম্মুখীন হচ্ছে। পাশাপাশি সরকার রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সজাগ দৃষ্টি রাখা প্রয়োজন মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়।<br><br>৩। ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচিতে অংশগ্রহণসহ আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে স্বার্থান্বেষীমহল যেন বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ২। নড়াইল জেলার জমি ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে সাব রেজিস্ট্রি অফিসের দলিল লেখকদের সিন্ডিকেটের নৈরাজ্যের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, নড়াইলসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br><br>৩। ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচিতে অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে অনুরোধ করা হয়। এছাড়া আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে স্বার্থান্বেষীমহল যেন বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ করা হয়। | পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা,নড়াইল<br><br>পুলিশ সুপার, নড়াইল |
| ৮ | নভেম্বর, ২০২৩ মাসের মোবাইল কোর্ট সংক্রান্ত | মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর আওতায় নভেম্বর, ২০২৩ মাসে ১১টি আইনে ৫৯টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মামলার সংখ্যা ১১০টি, দন্ডিত ব্যক্তির সংখ্যা ১১৬জন, এদের নিকট থেকে মোট **৩,৮০,৬৫০/-(তিন লক্ষ আশি হাজার ছয়শত পঞ্চাশ)** টাকা জরিমানা আদায় করা হয়েছে। দন্ডিত ব্যক্তিদের মধ্যে ১৩ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়েছে। | মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান অব্যাহত রাখাসহ বিভিন্ন আইনের আওতায় মোবাইল কোর্ট আরও জোরদার করতে হবে। | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল |

## নড়াইল জেলার নভেম্বর, ২০২৩ মাসের মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত তথ্য

| যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে | মোবাইল কোর্ট পরিচালনার তারিখ | মোবাইল কোর্টের সংখ্যা | মোবাইল কোর্ট পরিচালনার স্থান (উপজেলা/ থানা) | মামলার সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | | আইনের ৬(৪)/৬ (৫)/ ৭(৪) ধারায় গৃহীত কার্যক্রম যদি থাকে | আপিলের সংখ্যা/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অর্থ দন্ড | কারাদন্ড | অর্থ দন্ড অনাদয়ে কারাদন্ড | | |
| ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ | ১,৬,৯,১০,১১, ১৪,১৮,২০ | ০৮ | নড়াইল সদর<br>লোহাগড়া<br>কালিয়া | ১৩ | ১৪ | ৩২,৫০০/- | - | - | - | - |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ | ৮,১১,১২,১৫, ২০,২২,২৫,২৬, ২৭ | ১০ | নড়াইল সদর<br>লোহাগড়া<br>কালিয়া | ১২ | ১২ | ২৭,৩৫০/- | ১২টি মামলায় ১২জন আসামিকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড | - | - | - |
| সড়ক পরিবহন আইন, ২০১৮ | ১৮,২১,২২,২৫ | ০৪ | নড়াইল সদর<br>লোহাগড়া | ১২ | ১২ | ৭৬,৪০০/- | - | - | - | - |
| বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ | ২২ | ০১ | লোহাগড়া | ০১ | ০২ | ৫০,০০০/- | - | - | - | - |
| অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ | ৫,৬,৮,৯,১০, ১১,১৪,২০,২২ | ০৯ | নড়াইল সদর | ২১ | ২১ | ২৪,৭০০/- | - | - | - | - |

| যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে | মোবাইল কোর্ট পরিচালনার তারিখ | মোবাইল কোর্টের সংখ্যা | মোবাইল কোর্ট পরিচালনার স্থান (উপজেলা/ থানা) | মামলার সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | | আইনের ৬(৪)/৬ (৫)/ ৭(৪) ধারায় গৃহীত কার্যক্রম যদি থাকে | আপিলের সংখ্যা/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অর্থ দন্ড | কারাদন্ড | অর্থ দন্ড অনাদয়ে কারাদন্ড | | |
| বাংলাদেশ হোটেল ও রেঁস্তোরা আইন, ২০১৪ | ১,২৩,২৭ | ০৩ | নড়াইল সদর | ০৩ | ০৩ | ১৮,৫০০/- | - | - | - | - |
| পেট্রোলিয়াম আইন, ২০১৬ | ৩,৬,৮,৯,১০, ১৩,১৫,১৬,,১৯, ২০ | ১১ | নড়াইল সদর | ২২ | ২২ | ৫৩,৫০০/- | - | - | - | - |
| দন্ডবিধি, ১৮৬০ | ২,১১,১৫,১৬, ২৩ ২৬ | ০৭ | নড়াইল সদর কালিয়া | ১৫ | ১৯ | ৬৮,০০০/- | ০১টি মামলায় ০১জন আসামিকে ২১দিনের বিনাশ্রম কারাদন্ড | - | - | - |
| করাত-কল (লাইসেন্স) বিধিমালা-২০১২ | ১৪,২৬ | ০৩ | নড়াইল সদর লোহাগড়া কালিয়া | ০৩ | ০৩ | ২২,৫০০/- | - | - | - | - |
| শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ | ২১,২৩ | ০২ | নড়াইল সদর | ০৭ | ০৭ | ৭,০০০/- | - | - | - | - |
| ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ | ২০ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ২০০/- | - | - | - | - |
| | **সর্বমোট** | **৫৯** | | **১১০** | **১১৬** | **৩,৮০,৬৫০/** | **১৩** | **-** | **-** | **-** |

**বিবিধ সিদ্ধান্তঃ**

(ক) নড়াইল জেলার আইন-শৃঙ্খলার অবনতি ও নাশকতা যাতে না ঘটে সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য পুলিশ সুপার, নড়াইলসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(খ) মাদকের বিরুদ্ধে সতর্ক দৃষ্টি রাখতে এবং জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশি টহল বৃদ্ধিকরণ, রাত্রিকালীন পাহারা ও কমিউনিটি পুলিশিং কার্যক্রম জোরদার করার জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ করা হয়।

(গ) মাদকাসক্তি, বাল্যবিবাহ ও যৌন হয়রানিসহ অন্যান্য সামাজিক সমস্যা হতে সমাজকে মুক্ত করার লক্ষ্যে সামাজিক আন্দোলন গড়ে তোলা, শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(ঘ) জঙ্গি তৎপরতারোধে সজাগ দৃষ্টি রাখাসহ আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল
টেলিফোন : ০২-৪৭৭৭৭৩৩০১
ই-মেইল : dcnarail@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৬৫০০.৩০৪.০২.০২৫.২৩.০২ তারিখ : ০১.০১.২০২৪ খ্রি.

বিষয় : নির্ধারিত ছকে ডিসেম্বর, ২০২৩ মাসের মোবাইল কোর্ট পরিচালনার প্রতিবেদন প্রেরণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের ৫ জুলাই ২০১১ খ্রি. তারিখের ০৪.৫২.২০০.০০.১১৩.২০১১-৯০ নম্বর স্মারক ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রেরিত ছক মোতাবেক নড়াইল জেলার ডিসেম্বর, ২০২৩ মাসের (০১.১২.২০২৩ হতে ৩১.১২.২০২৩ পর্যন্ত) পরিচালিত মোবাইল কোর্ট সংক্রান্ত প্রতিবেদন নিম্নবর্ণিত নির্ধারিত ছক ও সংশোধিত ছকে মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

**ডিসেম্বর, ২০২৩ মাসের মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন**

| যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে | মোবাইল কোর্ট পরিচালনার তারিখ | মোবাইল কোর্টের সংখ্যা | মোবাইল কোর্ট পরিচালনার স্থান (উপজেলা/ থানা) | মামলার সংখ্যা | দন্ডিত ব্যক্তির সংখ্যা | দন্ড | | | আইনের ৬(৪)/৬ (৫)/ ৭(৪) ধারায় গৃহীত কার্যক্রম যদি থাকে | আপিলের সংখ্যা/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অর্থ দন্ড | কারাদন্ড | অর্থ দন্ড অনাদয়ে কারাদন্ড | | |
| ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ | ৩,৪,৬,৮,৯,১৭, ১৯,২৪,২৫,২৬, ২৮,২৯,৩১ | ১৩ | নড়াইল সদর লোহাগড়া কালিয়া | ৩২ | ৩২ | ১,১৫,০০০/- | - | - | - | - |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ | ২,৬,১২,১৪,১৭, ১৯,২০,২৫,২৬, ২৮,৩০,৩১ | ১২ | নড়াইল সদর লোহাগড়া কালিয়া | ১৭ | ১৭ | ৬,৭০০/- | ১৭টি মামলায় ১৭জন আসামিকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড | - | - | - |
| সড়ক পরিবহন আইন, ২০১৮ | ১,৫,৮,১৪,১৯, ২০,২২,২৩,২৭, ৩১ | ১০ | নড়াইল সদর | ৪৩ | ৪৩ | ৫৮,২০০/- | - | - | - | - |
| বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ | ১৪,১৯ | ০২ | লোহাগড়া কালিয়া | ০২ | ০৩ | ৫০,০০০/- | ০১টি মামলায় ০২জন আসামিকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড | - | - | - |
| অত্যাবশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন, ১৯৫৬ | ৩,১৭,২৮ | ০৪ | নড়াইল সদর | ০৬ | ০৬ | ৯,০০০/- | - | - | - | - |
| বাংলাদেশ হোটেল ও রেঁস্তোরা আইন, ২০১৪ | ৩ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ৫,০০০/- | - | - | - | - |
| পেট্রোলিয়াম আইন, ২০১৬ | ২,২৩,২৬,২৭ | ০৭ | নড়াইল সদর | ০৭ | ০৭ | ৩২,৫০০/- | - | - | - | - |
| বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ | ১,১৯ | ০২ | নড়াইল সদর লোহাগড়া | ০২ | ০২ | ৩৫,০০০/- | ১টি মামলায় ১জন আসামিকে ১বছরের বিনাশ্রম কারাদন্ড | - | - | - |
| দন্ডবিধি, ১৮৬০ | ১,৩,৪,৬,৮,১১, ১৩,১৫,১৮,১৯, ২১,২৩,২৫,২৭, ২৮,৩০, | ১৭ | নড়াইল সদর লোহাগড়া কালিয়া | ৩৫ | ৩৯ | ৮৫,৭০০/- | ০১টি মামলায় ০১জন আসামিকে ০৩দিনের বিনাশ্রম কারাদন্ড | - | - | - |
| করাত-কল (লাইসেন্স) বিধিমালা-২০১২ | ১৩ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ২,০০০/- | - | - | - | - |
| ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ | ১৫,১৮ | ০২ | নড়াইল সদর | ০৪ | ০৪ | ১৭,০০০/- | - | - | - | - |
| শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ | ১১,২৭ | ০৩ | নড়াইল সদর | ০৩ | ০৩ | ৩,০০০/- | - | - | - | - |
| সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা-২০০৮ | ২৪,২৫,২৬,২৭, ২৮,৩০,৩১ | ১২ | নড়াইল সদর লোহাগড়া কালিয়া | ১৪ | ১৪ | ১,০১,৭০০/- | - | - | - | - |
| স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ | ২৪ | ০১ | লোহাগড়া | ০১ | ০১ | ১৫,০০০/- | - | - | - | - |
| বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ | ১৩ | ০১ | কালিয়া | ০১ | ০১ | ৩,০০০/- | - | - | - | - |
| কৃষি বিপণন আইন, ২০১৮ | ১১,১২,২১ | ০৪ | নড়াইল সদর | ০৬ | ০৬ | ৩৭,০০০/- | - | - | - | - |
| বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ | ২১ | ০১ | নড়াইল সদর | ০১ | ০১ | ২,০০০/- | - | - | - | - |
| | **সর্বমোট** | **৯৩** | | **১৭৬** | **১৮১** | **৫,৭৭,৮০০/** | **২১** | **-** | **-** | **-** |

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল

সঞ্জয় ঘোষ
সহকারী কমিশনার
জুডিসিয়াল মুন্সিখানা
জেলা প্রশাসকের কার্যাল, নড়াইল

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

## ডিসেম্বর, ২০২৩ মাসের জেলা আদালত সহায়তা কমিটির সভার কার্যবিবরণী

**সভাপতি : মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী**
**জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল**

তারিখ : ১১ ডিসেম্বর ২০২৩ খ্রি. সময় : সকাল ১০:৪০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নড়াইল

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য)

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল জেলা আদালত সহায়তা কমিটির কার্যক্রম সংক্রান্ত নভেম্বর, ২০২৩ মাসের তথ্য বিবরণী সভায় উপস্থাপন করেন; যা নিম্নরূপ-

| সভার সংখ্যা | ফৌকাবি ৩৭৩ ধারায় প্রাপ্ত মোট রায়ের সংখ্যা | আপিলযোগ্য রায়ের সংখ্যা | আপিল দায়েরের সংখ্যা | রিভিশন দায়েরের সংখ্যা | দায়রা জজ আদালতে দায়েরকৃত আপিল/ রিভিশনের সংখ্যা | মাননীয় হাইকোর্ট বিভাগে আপিল/ রিভিশনের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২৮ | ১২ | ১৫ | ০৮ | ২৩ | - | - |

অতঃপর আদালত সহায়তা কমিটির কার্যক্রম সংক্রান্ত তথ্য এবং মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ শাখার পরিপত্র নম্বর-০৪.০০.০০০০.৫২২.০৪.২১.২০১৭-২৯০; তারিখ: ২৭ আগস্ট ২০১৭-এ বর্ণিত কার্যপদ্ধতি এবং কর্মপরিধির বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্তসমূহ :</u>

১। বিজ্ঞ দায়রা জজ আদালত, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং অন্যান্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে প্রসিকিউশনের পক্ষে রাষ্ট্রবাদী মামলাসমূহের রায়ের কপি এ কার্যালয়ের জে.এম শাখায় সংরক্ষণ করে সভায় উপস্থাপন করতে হবে।

২। বিজ্ঞ পিপি, নড়াইল ও কোর্ট পরিদর্শক, নড়াইল প্রতিমাসের ৪ তারিখের মধ্যে নির্ধারিত ছকে জেলা প্রশাসকের কার্যালয়ের জে.এম শাখায় মামলাসমূহের তথ্য প্রেরণ করবেন।

চলমান পাতা-২

৩। পরিপত্রের নির্দেশনা অনুযায়ী পুলিশ সুপার, সিভিল সার্জন, বিজ্ঞ পিপি ও সংশ্লিষ্ট বিজ্ঞ আইনজীবীগণকে সমন্বিতভাবে বিচারকার্যে সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়।

৪। ফৌ.কা.বি. ১৮৯৮-এর ৩৭৩ ধারার বিধানমতে জেলা ম্যাজিস্ট্রেট বরাবর রাষ্ট্রবাদী মামলাসমূহের রায়ের কপি প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং অন্যান্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে প্রসিকিউশনের পক্ষে নিয়োজিত বিজ্ঞ সরকারি আইনজীবী ও পুলিশ কর্মকর্তাদের অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল
টেলিফোন : ০২-৪৭৭৭৭৩৩০১
ই-মেইল : dcnarail@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

**ডিসেম্বর, ২০২৩ মাসের জেলা চোরাচালান মামলা নিষ্পত্তি সংক্রান্ত মনিটরিং সেলের সভার কার্যবিবরণী**

**সভাপতি : মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী**
**জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল**

তারিখ : ১১ ডিসেম্বর ২০২৩ সময় : সকাল ১০:৫৫ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নড়াইল

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য)

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**নভেম্বর ২০২৩ মাসের চোরাচালান মামলার পরিসংখ্যানগত তথ্যচিত্র নিম্নের ছকে দেখানো হলো :**

সাধারণ ফাইল :

| গত মাসের জের | বর্তমান মাসে আগত | মোট | বর্তমান মাসে সাধারণ ফাইলে নিষ্পত্তি | বর্তমান মাসে বিচার ফাইলে বদলি | মাস শেষে অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|
| -- | -- | -- | -- | -- | -- |

বিচার ফাইল

| গত মাসের জের | বর্তমান মাসে আগত | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | | মাস শেষে অনিষ্পন্ন | সাধারণ ফাইলে ও বিচার ফাইলে মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|
| | | | সাজা | খালাস | | |
| ০৩ | - | ০৩ | - | - | - | ০৩ |

**সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১. চোরাচালান সংক্রান্ত সাধারণ ও বিচার ফাইলে ০৩টি মামলা দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন রয়েছে। মামলাসমূহ কী কারণে দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন রয়েছে সে বিষয়টি আগামী সভায় উপস্থাপনসহ আদালতে সাক্ষীর সাক্ষ্য প্রদানের মাধ্যমে মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, নড়াইল ও বিজ্ঞ পিপি, নড়াইলকে অনুরোধ করা হয়।

২. চোরাচালানকারীদের বিরুদ্ধে অধিক তৎপর থাকার জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল
টেলিফোন : ০২-৪৭৭৭৭৩৩০১
ই-মেইল : dcnarail@mopa.gov.bd

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
জুডিসিয়াল মুন্সিখানা
www.narail.gov.bd

## ডিসেম্বর ২০২৩ মাসের চোরাচালান প্রতিরোধ বিষয়ক জেলা টাস্কফোর্স সভার কার্যবিবরণী

**সভাপতি :** **মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী**
**জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল**

তারিখ : ১১ ডিসেম্বর ২০২৩ সময় : বেলা ১১:১০ ঘটিকা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নড়াইল

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য)

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভায় নভেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত বিভিন্ন সংস্থার চোরাচালান বিরোধী টাস্কফোর্স অভিযানের তথ্য উপস্থাপন করা হয় যা নিম্নরূপঃ

| সংস্থার নাম | পরিচালিত অভিযানের সংখ্যা | দায়েরকৃত মামলার সংখ্যা | আটককৃত পণ্যের মূল্য | আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলার সংখ্যা | আটক ব্যক্তির সংখ্যা | আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| টাস্কফোর্স | ৫ | -- | -- | -- | -- | -- | -- |
| পুলিশ | ৫৬ | -- | -- | -- | -- | -- | -- |
| বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদক বিরোধী অভিযান সংক্রান্ত তথ্য | ৮৯ | ১১ | -- | -- | ১১ | ১১ | গাঁজা ২৩০ গ্রাম, ইয়াবা-০৬ পিস ও ডিনেচার্ড স্পিরিট ২০ লিটার জব্দ করা হয় এবং ১১টি মামলায় ১১জন আসামিকে বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদন্ডসহ ২৫,২৫০/- (পঁচিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা জরিমানা করা হয়েছে। |

**<u>সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ</u>**

১. সাক্ষীগণ যেন আদালতে উপস্থিত হয়ে যথাযথভাবে সাক্ষ্য প্রদান করেন সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য পুলিশ সুপার, নড়াইল এবং বিজ্ঞ পিপি, নড়াইলকে অনুরোধ করা হয়।

২. অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বিজ্ঞ পিপি, নড়াইলকে অনুরোধ করা হয়।

৩. চোরাচালান বিরোধী অভিযানে আটক মালামালের বিবরণী প্রতি মাসে প্রদানের জন্য পুলিশ সুপার, নড়াইলকে অনুরোধ জানানো হয়।

চলমান পাতা-২

৪. নড়াইল জেলা সীমান্তবর্তী নয়। তবে এ জেলা  যেন চোরাচালানের রুট হিসেবে ব্যবহৃত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হয়।

৫. মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের পাশাপাশি প্রযোজ্য ক্ষেত্রে নিয়মিত মামলা দায়েরসহ টাস্কফোর্সের অভিযান বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

৬. প্রতি মাসে কমপক্ষে ৫টি কার্যকর টাস্কফোর্স অভিযান পরিচালনা করার জন্য রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নড়াইলকে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ করে  সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট
নড়াইল
টেলিফোন : ০২-৪৭৭৭৭৩৩০১
ই-মেইল : dcnarail@mopa.gov.bd